প্ল্যান্ট ম্যানেজারের কার্যালয়

ঢাকা ওয়াসা বোতলজাত পানি উৎপাদন প্ল্যান্ট
প্লট-৮, সেকশন-১০, মিরপুর, ঢাকা-১২১৬।

স্মারক নং- ৫৬ / বোপাউপ্ল্যা তাং-২৫/০৮/১০ইং

প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা,
ঢাকা ওয়াসা,

বিষয়ঃ একক ভাউচারে প্ল্যান্ট ম্যানেজারকে ৫,০০০/=টাকা পাশ করার ক্ষমতা প্রদান ও বোতলজাত প্ল্যান্টের ইমপ্রেস্ট ৩০,০০০/= (ত্রিশ হাজার) টাকা করা প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ে জানানো যাইতেছে যে, ঢাকা ওয়াসা বোতলজাত পানি উৎপাদন প্ল্যান্টটি বহু প্রাইভেট কোম্পানির সঙ্গে প্রতিযোগিতা করিয়া পরিচালনা করিতে হয়। ঐ সব ব্যাক্তি মালিকানাধীন প্রাইভেট কোম্পানীর প্ল্যান্ট ম্যানেজারের আর্থিক ক্ষমতা অপরিসীম। অনুরূপ কোন ক্ষমতা অত্র প্ল্যান্টের প্ল্যান্ট ম্যানেজারের নাই।। যাহা প্ল্যান্ট পরিচালনার জন্য বড় অন্তরায়। সুষ্ঠু ও লাভজনকভাবে প্ল্যান্টটি পরিচালনার লক্ষ্যে প্ল্যান্ট ম্যানেজারের আর্থিক ক্ষমতা বৃদ্ধি করা অপরিহার্য বিধায় বিষয়টি বিবেচনায় আনিয়া বোতলজাত প্ল্যান্টের প্ল্যান্ট ম্যানেজারকে একক ভাউচারে ৫,০০০/=(পাঁচ হাজার) টাকা পাশ করার ক্ষমতা প্রদান ও বোতলজাত প্ল্যান্টের ইমপ্রেস্ট ৩০,০০০/=(ত্রিশ হাজার) করার জন্য ব্যবস্থাপনা পরিচালক মহোদয় কর্তৃক সদয় অনুমোদিত হইয়াছে। অনুমোদিত নোট শীটের সত্যায়িত কপি এতদসঙ্গে সংযুক্ত করা হইল।

এমতাবস্থায় প্ল্যান্টের কাঁচামাল, যন্ত্রাদি, মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ, অফিসের মালামাল ইত্যাদি জরুরী ভিত্তিতে সরাসরি ক্রয়ের বিষয়ে উপরে বর্ণিত অনুমোদন অনুযায়ী পরবর্তী ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে আপনার প্রয়োজনীয় সহযোগিতার জন্য বিশেষভাবে অনুরোধ করা হইল।

২৫/০৮/১০

(প্রকৌঃ রবিউল কাইজার)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
ও
প্ল্যান্ট ম্যানেজার
বোতলজাত পানি উৎপাদন প্ল্যান্ট, ঢাকা ওয়াসা।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরীত হইল ঃ
১। উপ ব্যবস্থাপনা পরিচালক (প্রশাসন), ঢাকা ওয়াসা।
২। বানিজ্যিক ব্যবস্থাপক,ঢাকা ওয়াসা।
৩। সিনিয়র অডিট অফিসার, ঢাকা ওয়াসা।

-০৭-

ঢাকা ওয়াসা

বিষয়ঃ একক ভাউচারে প্ল্যান্ট ম্যানেজারকে ১০,০০০/= টাকা পাশ করার ক্ষমতা প্রদান প্রসঙ্গে।

সূত্রঃবোতলজাত প্ল্যান্টের বিষয়ে ০৯/০৮/১০তারিখে অনুষ্ঠিত জরুরী আলোচনা সভার সিদ্ধান্ত।

২০। উপরোক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাইতেছে যে,ঢাকা ওয়াসা বোতলজাত পানি উৎপাদন প্ল্যান্টটি বহু প্রাইভেট কোম্পানির সঙ্গে প্রতিযোগিতা করিয়া পরিচালনা করিতে হয়। ঐ সব ব্যক্তি মালিকানাধীন প্রাইভেট কোম্পানীর প্ল্যান্ট ম্যানেজারের আর্থিক ক্ষমতা অপরিসীম। অত্র প্ল্যান্টের প্ল্যান্ট ম্যানেজারের সরাসরি একক ভাউচারে মাত্র ১০০০/ টাকা পাশ করার ক্ষমতা রহিয়াছে। যাহা প্ল্যান্ট পরিচালনার জন্য বড় অন্তরায়। সুষ্ঠু ও লাভজনকভাবে প্ল্যান্টটি পরিচালনার লক্ষ্যে প্ল্যান্ট ম্যানেজারের আর্থিক ক্ষমতা বৃদ্ধি করা অপরিহার্য। বিষয়টি গত ০৯/০৮/১০ তারিখে সকাল সাড়ে নয়টায় ডি.এম.ডি.(প্রশাসন) মহোদয়ের অফিস কক্ষে ভারপ্রাপ্ত ব্যবস্থাপনা পরিচালক, ডি.এম.ডি.(ও.এন্ড এম.), ডি.এম.ডি.(অর্থ), প্রধান প্রকৌশলী, প্ল্যান্ট ম্যানেজার এবং প্ল্যান্টের ও.এন্ড এম. ঠিকাদারের সমন্বয়ে অনুষ্ঠিত সভায় বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত হয়। সভায় ভারপ্রাপ্ত ব্যবস্থাপনা পরিচালক মহোদয় বলেন প্ল্যান্টের কাজের স্বার্থে সরাসরি ক্রয় করার জন্য একক ভাউচারে সর্বোচ্চ ~~১০,০০০/-~~ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা খরচ করার আর্থিক ক্ষমতা প্ল্যান্ট ম্যানেজারকে প্রদান করা দরকার। এমতাবস্থায়, প্ল্যান্টের কাঁচামাল, যন্ত্রাদি, মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ, অফিসের মালামাল ইত্যাদি জরুরী ভিত্তিতে সরাসরি ক্রয় করার জন্য একক ভাউচারে সর্বোচ্চ ~~১০,০০০~~ ৫,০০০/=(~~দশ~~ পাঁচ হাজার) টাকা খরচ করার আর্থিক ক্ষমতা প্ল্যান্ট ম্যানেজারকে প্রদান করা এবং প্ল্যান্টের স্থায়ী দাদন ২০,০০০/- (বিশ হাজার) টাকার স্থলে ~~৫০,০০০~~ ৩০,০০০/(~~পঞ্চাশ~~ ত্রিশ হাজার) টাকা করার আর্থিক ও প্রশাসনিক অনুমোদনের জন্য সবিনয়ে পেশ করা হইল।

11/08/10
মোঃ জহির উদ্দিন বাবর
সহকারী রসায়নবিদ
বোতলজাত পানি উৎপাদন প্ল্যান্ট
ঢাকা ওয়াসা

মোঃ [illegible] হোসেন
উপ-সহকারী প্রকৌশলী
বোতলজাত পানি উৎপাদন প্ল্যান্ট,
ঢাকা ওয়াসা।

11/08/10
[illegible]
বোতলজাত পানি উৎপাদন প্ল্যান্ট
ঢাকা ওয়াসা।

প্রকৌঃ রবিউল কাইজার
তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা ওয়াসা
ও
প্ল্যান্ট ম্যানেজার
বোতলজাত পানি উৎপাদন প্ল্যান্ট

22/8/10
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা

ডঃ প্রকৌশলী মোঃ [illegible]
উপ-ব্যবস্থাপনা পরিচালক (আরপিএন্ডডি)
ঢাকা ওয়াসা

প্রকৌঃ [illegible]
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।

প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা

PM, MD